

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯৫২

পরিচ্ছেদঃ নিজের মত অনুসারে কুরআন তাফসীর করা

بَابُ مَا جَاءَ فِي الَّذِي يُفَسِّرُ القُرْآنَ بِرَأْيِهِ

আরবী

حَدَّقَنَا عَبْدُ بْنُ حُمَيْد، حَدَّقَنَا حَبَّانُ بْنُ هِلَالٍ، حَدَّنَنَا سُهَيْلُ بْنُ عَبْدِ اللَّهِ، وَهُوَ ابْنُ أَبِي حَزْمٍ أَخُو حَزْمٍ الْقُطَعِيِّ حَدَّثَنَا أَبُو عِمْرَانَ الْجَوْنِيُّ، عَنْ جُنْدُبِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ قَالَ فِي الْقُرْآنِ بِرَأْيِهِ فَأَصَابَ فَقَدْ أَخْطأً ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ . وَقَدْ تَكَلَّمَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ فِي سُهَيْلِ بْنِ أَبِي حَزْمٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا رُويَ عَنْ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنَّهُمْ شَدَّدُوا فِي هَذَا فِي أَنْ يُفَسَّرَ الْقُرْآنُ بِغَيْرِ عِلْمٍ . وَأَمَّا الَّذِي رُويَ عَنْ مُجَاهِد وَقَدْ رُويَ عَنْ مُجَاهِد وَقَدْ رُويَ عَنْهُمْ مَا يَدُلُ عَلَى مَا قُلْنَا أَنَّهُمْ لَمْ الْعُلْمِ فَقَدْ رُويَ عَنْهُمْ مَا يَدُلُ عَلَى مَا قُلْنَا أَنَّهُمْ لَمْ لَمْ يَقُولُوا مِنْ قِبَلِ أَنْفُسِهِمْ بِغَيْرِ عِلْمٍ . وَقَدْ رُويَ عَنْهُمْ مَا يَدُلُّ عَلَى مَا قُلْنَا أَنَّهُمْ لَمْ لَمْ يَقُولُوا مِنْ قِبَلِ أَنْفُسِهِمْ بِغَيْرِ عِلْمٍ .

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ مَهْدِي ۗ الْبَصْرِيُّ، أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ، عَنْ مَعْمَرٍ، عَنْ قَتَادَةَ، قَالَ مَا فِي الْقُرْآنِ آيَةٌ إِلاَّ وَقَدْ سَمِعْتُ فِيهَا بِشَيْءٍ.

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنِ الأَعْمَشِ، قَالَ قَالَ مُجَاهِدٌ لَوْ كُنْتُ قَرَأْتُ قِرَاءَةَ ابْنِ مَسْعُودٍ لَمْ أَحْتَجْ إِلَى أَنْ أَسْأَلَ ابْنَ عَبَّاسٍ عَنْ كَثِيرٍ مِنَ الْقُرْآنِ مِمَّا سَأَلْتُ .

বাংলা



২৯৫২. আবদ ইবন হুমায়দ (রহঃ) জুন্দুব ইবন আন্দুল্লাহ্ রাদিয়াল্লাহ্ আনহু থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি নিজের মত অনুসারে কুরআন সম্পর্কে কথা বলে সে যদি শুদ্ধও বলে, তাহলেও সে অপরাধ করল।

যঈফ, মিশকাত ২৩৫, নাকদুত তাজ।

কতক আলিম শ্রেণীর সাহাবা এবং অন্যান্য উলামায়ে কিরাম (রহঃ) থেকে এইরূপ বর্ণিত আছে যে, তাঁরা ইলম ছাড়া কুরআনের তাফসীর করার বিষয়ে অত্যন্ত কঠোর মত ব্যক্ত করেছেন। মুজাহিদ, কাতাদা প্রমূখ (রহঃ) আলিমগণ কুরআন করীমের তাফসীর করতেন বলে বর্ণনা পাওয়া যায়। কিন্তু তাঁদের বিষয়ে এই কথার ধারণাও করা য়ায় না য়ে, তাঁরা ইলম ছাড়া নিজ মত অনুসারে কুরআন সম্পর্কে কথা বলেছেন বা এর তাফসীর করেছেন। তারা ইলম ছাড়া নিজেদের পক্ষ থেকে কিছু বলেন নি বলে আমরা য়ে মন্তব্য করেছি তাঁদের পক্ষ থেকে বর্ণিত বক্তব্যেও এর প্রমাণ বিদ্যমান। কোন কোন হাদীস বিশারদ সুহায়ল ইবন আবৃ হায়ম সম্পর্কে সমালোচনা করেছেন। হুসায়ন ইবন মাহদী আল-বাসরী (রহঃ) ... কাতাদা (রহঃ) থেকে বর্ণিত য়ে, কুরআনের এমন কোন আয়াত নেই য়ে বিষয়ে আমি কোন রিওয়ায়ত শুনিন।

সনদ সহীহ, মাকতু।

ইবন আবূ উমর (রহঃ) ... মুজাহিদ (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন, আমি যদি ইবন মাসঊদের কিরাআত পাঠ করতাম তবে কুরআনের অনেক এমন বিষয়ে যেগুলো সম্পর্কে আমি ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু-কে প্রশ্ন করেছি সেগুলো সম্পর্কে আর তাঁকে জিজ্ঞাসা করা প্রয়োজনবোধ করতাম না।

সনদ সহীহ, মাকতু, তিরমিজী হাদিস নম্বরঃ ২৯৫২ [আল মাদানী প্রকাশনী]

English

Narrated Jundab bin 'Abdullah:

that the Messenger of Allah (ﷺ) said: "Whoever says (something) about the Qur'an according to his own opinion and he is correct, yet he has committed a mistake."

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জুনদুব ইবনু 'আবদুল্লাহ্ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন